

# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | ক্যাম্পাস | 24 April, 2025

ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স অ্যান্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সকে স্বতন্ত্র ডিগ্রি হিসেবে গণ্য করার দাবিতে বিনাইদহে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে বিনাইদহ সদর হাসপাতালের সামনে এ কর্মসূচির আয়োজন করে বাংলাদেশ ডিপ্লোমা স্টুডেন্ট নার্সেস ইউনিয়ন জেলা শাখা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির সদস্যসহ বিভিন্ন প্রতিষ্ঠানের নার্সরা অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে সংগঠনের জেলা শাখার সভাপতি জুয়েল মন্ডল, সহ-সভাপতি আরিফ হোসেন, সাধারণ সম্পাদক উৎস কুমার বিশ্বাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

মানববন্ধনে বক্তারা বলেন, ডিপ্লোমা নার্সদের ডিগ্রি স্বীকৃতি না থাকায় পেশাগত জীবনে তারা নানাবিধ সমস্যার মুখোমুখি হচ্ছেন। তাই দ্রুত সময়ের মধ্যে ডিপ্লোমা নার্সিং কোর্সকে সম্মানজনক ডিগ্রি হিসেবে ঘোষণা করার জোর দাবি জানান তারা। কর্মসূচীতে উপস্থিত ছিলেন বিভিন্ন নার্সিং ইনস্টিটিউটের শিক্ষার্থী ও পেশাজীবী নার্সরা। তারা প্ল্যাকার্ড ও ব্যানার হাতে শান্তিপূর্ণভাবে বিক্ষোভ প্রদর্শন করেন।

হাসপাতাল বাংলাদেশ ডিপ্লোমা বিনাইদহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:04

URL: <https://timestodaybd.com/campus/137775807>